অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল কুইন্সের গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর নিরপত্তা বৃদ্ধিতে 10 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের প্রধান কাজ শেষ হওয়ার কথা ঘোষণা করেছেন

গুরুত্বপূর্ণ ট্রাফিক সড়ক বরাবর পুনঃসজ্জিত প্রস্থান এবং প্রবেশ র‍্যাম্প ট্রাফিক চলাচল উন্নত করছে এবং যানজট কমাচ্ছে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে কুইন্সের গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর মূল প্রস্থান এবং প্রবেশ র‍্যাম্পের পুনঃসজ্জিত করার 10 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের প্রধান কাজ শেষ হয়েছে, যা নিউ ইয়র্ক সিটির যাত্রীদের জন্য উচ্চ চলাচলের সড়কগুলিতে নিরাপত্তা বৃদ্ধি করেছে এবং যানজট কমিয়েছে।

প্রকল্পটি পার্কওয়ের পূর্বদিকে ফ্রান্সিস বুলাভার্ড এবং 188তম স্ট্রিটের মাঝের অংশের এবং পশ্চিম দিকে ক্লিয়ারভিউ এক্সপ্রেসওয়ে এবং 188তম স্ট্রিটের মাঝের অংশের প্রবেশ এবং প্রস্থান র‍্যাম্পকে সংযুক্ত করেছে যা প্রতিটি দিকে উপ লেন তৈরি করেছে যা যানবাহন চালকদের পার্কওয়েতে ঢুকতেএবং বের হতে অতিরিক্ত জায়গা প্রদান করে। প্রকল্পটি নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (New York Police Department, NYPD) হাইওয়ে পেট্রোল ইউনিট থ্রি (Highway Patrol Unit 3) তে যাতায়াত সহজ করবে যা নিকটেই অবস্থিত।

"আমরা আমাদের হাইওয়ে অবকাঠামোয় বিনিয়োগ করা অব্যাহত রেখেছি যাতে যানজট কমানো যায় এবং একবিংশ শতাব্দীর চাহিদা পূরণ করা যায়," **গভর্নর হোচুল বলেন।** "এই প্রকল্পটি যানবাহন চালকদের জন্য নিউ ইয়র্কের ব্যস্ততম হাইওয়েগুলির একটিতে প্রবেশ এবং প্রস্থান সহজ এবং নিরাপদতর করে তুলবে, গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে করিডোর বরাবর যাতায়াত উন্নত করবে এবং পুরো মেট্রোপলিটানএকালার অর্থনৈতিক পরিস্থিতিকে সমর্থন করবে।"

এই প্রকল্পটি, যা 2020 সালের বসন্তে শুরু হয়, দক্ষিণগামী ক্লিয়ারভিউ এক্সপ্রেসওয়ের প্রবেশ র‍্যাম্পের সাথে 188তম স্ট্রিটের প্রস্থান র‍্যাম্প সংযুক্ত করার মাধ্যমে পশ্চিমগামী উপ লেন তৈরি করেছে (এক্সিট 19)। ক্লিয়ারভিউ থেকে আসা যানবাহন চালকগণ ফ্রান্সিস লুইস বুলাভার্ড (এক্সিট 20A এক্সিট 20B) এবং 188তম স্ট্রিটে যেতে এই উপ লেন ব্যবহার করতে পারবে, গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়েতে প্রবেশ করা ছাড়াই।

188তম স্ট্রিটের প্রবেশ র‍্যাম্পের সাথে ফ্রান্সিস লুইস বুলাভার্ডের প্রস্থান র‍্যাম্প সংযুক্ত করে একটি পূর্বগামী উপ লেন তৈরি করা হয় (এক্সিট 20B)। 188তম স্ট্রিট থেকে আসা যানবাহন

চালকগণ এই লেনটি ব্যবহার করে দক্ষিণগামী ফ্রান্সিস লুইস বুলাভার্ডে যেতে পারবে, পার্কওয়েতে প্রবেশ করা ছাড়াই।

প্রকল্পের অন্যান্য উন্নতির মধ্যে রয়েছে নতুন এলইডি লাইটিং, পেভমেন্ট মার্কিং, গাইডরেল এবং কংক্রিট ব্যারিয়ার। যদিও প্রধান নির্মাণ কাজ শেষ হয়েছে, ফিনিশিং কাজ, যার মধ্যে রয়েছে সৌন্দর্যবর্ধন এবং ড্রেনেজ পরিষ্কার ইত্যাদি এই শরতে প্রকল্পের সীমায় চলবে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT) কমিশনার মারি টেরেস ডমিনগুয়েজ বলেন, "একটি নিরাপদ এবং কর্মদক্ষ পরিবহন নেটওয়ার্ক আমাদের সম্প্রদায়ের উন্নয়নের জন্য এবং আমাদের অর্থনীতির অব্যাহত বৃদ্ধির জন্য অত্যাবশ্যক। গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়েতে এই নতুন র‍্যাম্প এবং উপ লেনগুলি একটি গুরুত্বপূর্ণ পরিবহন করিডোর বরাবর নিরাপত্তা এবং ভ্রমণ পরিস্থিতি উন্নত করবে, যা সকল নিউ ইয়র্কবাসীর সুবিধা রক্ষায় আমাদের অবকাঠামো পুনর্নির্মাণের প্রতি নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির প্রমাণ।"

রিপ্রেজেন্টেটিভ গ্রেস মেং বলেন, "আমাদের বরোর রাস্তা এবং হাইওয়েতে বিনিয়োগ অব্যাহত রাখা গুরুত্বপূর্ণ, বিশেষ করে যখন আমরা আগের চেয়ে ভালো ভাবে গড়ে তোলার জন্য আমাদের অবকাঠামোর উন্নয়ন করছি। এই গুরুত্বপূর্ণ প্রকল্পের প্রধান নির্মাণ কাজ শেষ হওয়া নিরাপত্তা বৃদ্ধি করবে, যানজট কমাবে এবং এই গুরুত্বপূর্ণ হাইওয়েতে যানবাহন চলাচল উন্নত করবে। এটি স্থানীয় জনগণের জন্য গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়েতে চলাচল সহজ করবে, এবং তার পরিপ্রেক্ষিতে আমাদের অর্থনীতিকে সাহায্য করবে এবং কুইন্সে জীবনযাত্রার মান উন্নত করবে। এই প্রকল্পটি সম্পূর্ণ করায় এবং এর কাজ শেষ করাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই।"

স্টেটের সিনেটর জন লিউ বলেন, "নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর নিরাপত্তা বৃদ্ধি প্রকল্পের কাজ শেষ করার খবরটি অসাধারণ। প্রকল্পটি এই গুরুত্বপূর্ণ সড়কে নিরাপত্তা বৃদ্ধি করবে এবং চলাচল সহজ করে তুলবে। এই অত্যাবশ্যকীয় অবকাঠামো প্রকল্পের কাজ শেষ হওয়া স্থানীয় অধিবাসীদের জন্য এবং নিউ ইয়র্ক সিটি থেকে আসা যাওয়া করা নাগরিকদের জন্য ভ্রমণ উন্নত করবে।"

অ্যাসেম্বলিমেম্বার ডেভিড ওয়ারপিন বলেন, "গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়েতে এই অতীব প্রয়োজনীয় নির্মাণ কাজ থ্রুফেয়ারে চলাচলকারী সকল যানবাহন চালকদের জন্য নিরাপত্তা বৃদ্ধি করবে। নতুন গার্ডরেল এবং পেভমেন্ট মার্কিং থেকে শুরু করে এলইডি লাইটিং এবং যান চলাচলের উন্নতি সাধন করে কুইন্সের অবকাঠামো পুনরুজ্জীবিত করার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন এবং গভর্নর ক্যাথি হোচুলকে আমি সাধুবাদ জানাই।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস বলেন, "গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর নিরাপত্তা এবং যান চলাচল উন্নত করার প্রচেষ্টায় এই নির্মাণ কাজ শেষ হওয়া একটি বড় বিজয়। গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে কুইন্সের যান চালকদের জন্য একটি প্রধান হাইওয়ে, এবং এই সম্প্রসারণকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর হোচুল এবং স্টেটের পরিবহন কমিশনার

মারি টেরেস ডমিনগুয়েজকে ধন্যবাদ জানাই। আমাদের বরোতে নিরাপদতর সড়ক নির্মাণের ক্ষেত্রে এটি আরেকটি পদক্ষেপ।"

কাউন্সিল মেম্বার ব্যারি এস. গ্রোডেঙ্কিক বলেন, "এমন একটি সময়ে, যখন সবখানেই ট্রাফিক বাড়ছে বলে মনে হচ্ছে, গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে এবং ক্লিয়ারভিউ এক্সপ্রেসওয়ের নতুন, উন্নততর প্রবেশ এবং প্রস্থান র‍্যাম্প ইস্টার্ন কুইন্সের বাসিন্দা এবং এই হাইওয়ে বরাবর চলাচলকারী সকল যানবাহন চালকদের জন্য সুখবর। এই গুরুত্বপূর্ণ সড়ক বরাবর সহজতর এবং নিরাপদতর যাতায়াত দেখার জন্য আমি মুখিয়ে আছি।"

কাউন্সিল মেম্বার জেমস এফ. জেনারো বলেন, "আমি কুইন্সের অবকাঠামোতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার জন্য স্টেটকে ধন্যবাদ জানাই। গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়েতে এই উন্নয়ন কেবল ট্রাফিক পরিস্থিতি উন্নত করবে না --এটি চলাচলকারীদের জন্য নিরাপত্তা পরিস্থিতি উন্নত করবে। এই প্রকল্পের কাজ শেষ হওয়া কুইন্সের বাসিন্দাদের জন্য একটি স্বাগত বিজয়।"

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT এবং NYSDOT নিউ ইয়র্ক সিটি (@NYSDOT_NYC) | টুইটার (Twitter)। ফেসবুকে (Facebook) facebook.com/NYSDOT ঠিকানায় NYSDOT কে খুঁজে নিন

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন